দৈনিক সংবাদ 325

তারিখ ... NOV. 1 8 1999
পৃষ্ঠা ৩ কলাম ৩

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

# হলগুলো শিবিরের নিয়ন্ত্রণেই

রাজশাহী থেকে জাহাঙ্গীর আলম আকাশ : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে 'অভিনব পন্থা'য় ছাত্র শিবিরের সন্ত্রাসী ক্যাডাররা এখনও দাপটের সঙ্গে অবস্থান করছে।

ছাত্রলীগ (বা-অ)সহ অন্য প্রগতিশীল ছাত্র সংগঠনের নেতা-কর্মীরা হলে অবস্থান করতে পারছে না। সাধারণ ছাত্রদেরও অধিকাংশই ছাত্র শিবিরের ক্যাডারদের অব্যাহত অস্ত্র মহড়ার কারণে আতঙ্কে হল ছেড়ে দিয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মঙ্গলবার রাতে হলগুলোতে সন্ত্রাসী হামলার ঘটনা তদন্তে পাঁচ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছে। কর্তৃপক্ষ বলেছে, পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসছে। তবে বিভিন্ন ছাত্র সংগঠন জানায়, পরিস্থিতির কোন উন্নতি হয়নি।

পুলিশের তল্লাশি অভিযান অব্যাহত রয়েছে। বৃহস্পতিবার রাতে বিশ্ববিদ্যালয়ের তিনটি ছাত্রহলসহ বিভিন্ন মেস তল্লাশি করে

হল : পৃঃ ১১ কঃ ১